**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**30 DECEMBER 2025 7:45—7:55**

---

১) কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানের বর্তমানের প্রয়োজন অনুযায়ী বিকশিত ভারত - নিয়োগ নিশ্চিত ও জীবিকা অভিযান গ্রামীন বিলটি সংসদে গৃহীত করা হয়েছে বলে মন্তব্য ।

২) রাজ্যে ভোটারের সংখ্যা আগের থেকে ১ দশমিক ৩-৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের প্রকাশ ।

৩) অপারেশন প্রতিঘাতের মাধ্যমে রাজ্যে ১১ জন বাংলাদেশী মৌলবাদী গ্রেপ্তার করা হয়েছে বলে গৌহাটী মহানগরের পুলিশ কমিশনার পার্থ সারথি মহন্তের প্রকাশ ।এবং

৪) মুখ্যমন্ত্রীর আজ বাক্সা ও বরপেটা জেলায় আয়োজিত অনুষ্ঠানে অংশ নিয়ে মহিলা উদ্যমিতা প্রকল্পের চেক বিতরণ ।

---

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে বর্তমানের প্রয়োজনের কথা মনে রেখে বিকশিত ভারত - নিয়োগ নিশ্চিত এবং জীবিকা অভিযান গ্রামীণ বিলটি সংসদে গৃহীত করা হয়েছে । বিকশিত ভারত - জি রাম জি বিলটি পূর্বের এম জি এনরেগা প্রকল্পের দোষ ত্রুটি সমুহ দূর করবে বলে কেন্দ্রীয় মন্ত্রী উল্লেখ করেন । আজ ভূপালে এক সাংবাদিক সম্মেলনে প্রকল্পটির নাম পরিবর্তন নিয়ে বিরোধীদের উত্থাপন করা অভিযোগ সম্পর্কে শ্রী চৌহান বলেন যে পূর্বে বিরোধীদল ক্ষমতায় থাকার সময় নিয়োগ সম্পর্কীত প্রকল্পগুলোর নাম বিভিন্ন সময়ে পরিবর্তন করা

হয়েছিল ।তিনি বলেন যে বিকশিত ভারত জি রামজি কে অধিক ফলপ্রসু করে তওলার জন্য প্রধানমন্ত্রী গতিশক্তি প্রকল্পের সঙ্গে সংযুক্ত করা হয়েছে । এই অভিযানের অধীনে আইন অনুযায়ি বেকার ভাতা এবং প্রয়োজন সাপেক্ষে আর্থিক সাহায্য প্রদান করার স্পষ্ট ব্যবস্থা রয়েছে বলে মন্ত্রী শ্রী চৌহান জানান ।

---

রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারীক আলোক কুমার আজ গুয়াহাটীর জনতাভবনে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে জানান যে রাজ্যে ৬০ হাজারেরও বেশি বি এল ও ’র দ্বারা খসড়া ভোটার তালিকা প্রস্তুত করা হয়েছে । মুখ্য নির্বাচন আধিকারীক শ্রী কুমার জানান যে রাজ্যে ভোটদাতার সংখ্যা ২ কোটি ৫২ লক্ষ ১ হাজার ৬২৪ ।এই অনুযায়ি ভোটারের সংখ্যা ১ দশমিক ৩-৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে । খসড়া ভোটার তালিকা অনুযায়ি রাজ্যে পুরুষ ভোটারের সংখ্যা ১ কোটি ২৫ লক্ষ ৭২ হাজার ৫৮৩ জন , মহিলা ভোটারের সংখ্যা ১ কোটি ২৫ লক্ষ ২৮ হাজার ৬৬২ এবং তৃতীয় লিংগের ভোটার ৩৭৯ জন । দিব্যাঙ্গ ভোটার ২ লক্ষ ২ হাজার ৪৩৩ । এবার ১ হাজার ৮৩০ টি ভোটকেন্দ্র বৃদ্ধি পেয়ে মোট ভোটকেন্দ্রের সংখ্যা হচ্ছে ৩১ হাজার ৪৮৬ ।খসড়া ভোটার তালিকায় ৭ লক্ষ ৮৬ হাজার ৮৪১ জন নতুন ভোটারের নাম অর্ন্তভুক্ত করা হয়েছে । এর বিপরীতে ৪ লক্ষ ৪৭ হাজার ১৯৬ জন ভোটারের নাম তালিকা থেকে কর্তন করা হয়েছে ।নির্বাচন আধিকারীক শ্রী কুমার জানান যে কর্মসূত্রে বাইরে থাকা ভোটাররা ৬ নম্বর প্রপত্র পূরণ করে ভোটার তালিকায় নাম অর্ন্তভুক্ত করাতে পারবেন ।ভোটার তালিকায় নাম অর্ন্তভুক্তির জন্য ২২ শে জানুয়ারী পর্যন্ত আবেদন করা যাবে । অনুরূপভাবে ৮ নম্বর প্রপত্রের মাধ্যমে ভোটার তালিকায় নাম ভুল থাকলে সংশোধন করা যাবে । ৩ , ৪ , ১০ , ও ১১ জানুয়ারী গ্রামসভার মাধ্যমে প্রত্যেকটি গ্রামের বাসিন্দাকে ভোটার তালিকা সম্পর্কে অবগত করানো হবে । গ্রামসভার দিনক্ষণ জেলা আয়ুক্ত নির্ধারণ করবেন । ১০ ফেব্রুয়ারী পূর্ণাঙ্গ ভোটারতালিকা প্রকাশ করা হবে বলে তিনি জানান ।তিনি বলেন---

বাইট

---

গৌহাটী মহানগরের পুলিশ কমিশনার পার্থ সারথি মহন্ত এক সাংবাদিক সম্মেলনে রাজ্যে গোপনে কাজ করে থাকা বাইরের রাষ্ট্রের মৌলবাদী শক্তিকে অপারেশন প্রতিঘাতের মাধ্যমে উৎখাত করা হয়েছে বলে জানান । গতকাল উদ্বোধন করা মহানগর আয়ুক্তের নতুন কার্যালয়ে অনুষ্ঠিত প্রথম সাংবাদিক সম্মেলনে শ্রী মহন্ত বলেন যে দেশের অন্য রাজ্যের সংগে আসামে ও বাংলাদেশী মৌলবাদীর বিরুদ্ধে

অভিযান চলছে ।অপারেশন প্রতিঘাত নামে চলা পুলিশের এই অভিযানে বিশেষ টাস্ক ফোর্স ১১ জন বাংলাদেশী মৌলবাদীকে গ্রেপ্তার করেছে । রাজ্যের দরং , চিরাং , বরপেটা ও বাক্সা জেলায় অপারেশন প্রতিঘাত চালানো হয়েছিল । গ্রেপ্তার হোয়া মৌলবাদী সদস্যদের কাছ থেকে বহু আপত্তিজনক সামগ্রী জব্দ করা হয়েছে বলে পুলিশ কমিশনার জানান ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দেশের স্বাধীনতা সংগ্রামে নেতাজী সুভাষ চন্দ্র বসুর অবদানের কথা স্মরণ করেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন যে ১৯৪৩ সনের ৩০ শে ডিসেম্বর নেতাজী সুভাষ চন্দ্র বসু পোর্ট ব্লেয়ারে অত্যন্ত সাহসিকতার সঙ্গে তেরঙ্গা পতাকা উত্তোলন করেছিলেন । এই ঐতিহাসিক মুহুর্তটি জাতিকে স্মরণ করিয়ে দেয় যে স্বাধীনতা কেবলমাত্র আকাঙ্খার দ্বারা লাভ করা যায়না বলে প্রধানমন্ত্রী মন্তব্য করেন ।সাহস কঠোর পরিশ্রম , ন্যায় এবং সম্মিলিত সংকল্প দেশের স্বাধীনতা প্রাপ্তিতে বিশেষ সহায়ক হয়েছিল বলে তিনি মত প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী তথা বাংলাদেশ ন্যাশনেলিষ্ট পার্টির নেত্রী বেগম খালেদা জিয়া আজ সকালে ঢাকার একটি হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৮০। ১৯৪৬ সালের ১৫ অগাষ্ট তৎকালিন পূর্ব পাকিস্থানের দিনাজপুরে জন্ম গ্রহন করা খালেদা জিয়া ১৯৬০ সালে পাকিস্থান সেনা বাহিনীর আধিকারীক জিয়াউর রহমানের সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন । এক শোক বার্তায় প্রধানমন্ত্রী শ্রীমোদী ২০১৫ সালে বেগম খালেদা জিয়ার সাথে তার বৈঠকের বিষয় স্মরন করেন এবং ভারতের সঙ্গে থাকা বেগম খালেদা জিয়ার সুসর্ম্পকের কথা উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ বাক্সা জেলার গাতিতে ও বরপেটার ভবানীপুরে আয়োজিত দুটি অনুষ্ঠানে অংশ গ্রহণ করে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের চেক বিতরণ করেন । মুখ্যমন্ত্রী গাতিতে মানাহ বিধানসভা আসনের ৩০ হাজার ৭৩৭ জন মহিলাকে আনুষ্ঠানিকভাবে ১০ হাজার টাকা করে চেক প্রদান করেন । অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় বলেন যে ২০২৫ সালে বৃন্দাবনী বস্ত্র আসামে ফিরিয়ে আনার জন্য করা ঐতিহাসিক চুক্তি এবছরের এক ইতিবাচক খবর

। একইভাবে মুখ্যমন্ত্রী বরপেটা জেলার ভবানীপুর সরভোগ আসনের মহিলা আত্মসহায়ক গোষ্ঠীর ২৫ হাজার ১৫৭ জন সদস্যের মধ্যে আনুষ্ঠানিকভাবে চেক বিতরণ করেন । অনুষ্ঠানে রাজ্য সকারের গ্রামোন্নয়ন মন্ত্রী রনজিৎ কুমার দাস অংশ গ্রহণ করেন ।

এদিকে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ বজালিতে ভট্টদেব বিশ্ববিদ্যালয়ের নতুন প্রাংগনের উদ্ভোধন করেন । প্রায় ৫৩ কোটি টাকা ব্যয় সাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের নতুন প্রাংগনে প্রশাসনিক ভবন , আধুনিক প্রযুক্তিসম্পন্ন পরীক্ষাগার সহ তিনটি শৈক্ষিক ভবন , উপাচার্য ও অন্যান্য শৈক্ষিক ও অশৈক্ষিক আধিকারিকের জন্য আবাসিক ভবন নির্মাণ করা হয়েছে । অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু , পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রনজিৎ কুমার দাস ও সাংসদ ফনীভূষণ চৌধুরী উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা ম্যাজিষ্ট্রেট এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার শিরিষপুর চা বাগানের ফায়ারিং রেঞ্জের পাঁচশ মিটার ব্যাসার্ধের মধ্যে ভারতীয় নাগরিক সংহিতার ১৬৩ ধারার অধীনে আগামীকাল সকাল ৬টা থেকে বিকেল পাঁচটা পর্য্যন্ত জনসাধারন ও গবাদি পশুর চলাফেরা নিষিদ্ধ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে হাইলাকান্দির সি আর পি এফ ব্যাটেলিয়ান এবং শ্রীভূমির সি আর পি এফ ব্যাটেলিয়ানের গুলি চালানোর মহড়ার জন্য ফায়ারিং রেঞ্জের চারদিকে এই নিষেধাজ্ঞা জারী থাকবে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার পূর্ত বিভাগের দক্ষিন শ্রীভূমি সড়ক ডিভিশনের সহকারী কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার লঙ্গাই চান্দখানি সড়কে জুনি টিলা থেকে জালাল নগর অংশে মুখ্যমন্ত্রীর পাকা পথ নির্মান যোজনার অধীনে আই সি বি পি ব্লক বসানোর কাজের জন্য ঐ সড়ক আগামী পয়লা জানুয়ারী থেকে প্রতিদিন সকাল ৮টা থেকে সন্ধ্যা পাঁচটা পর্য্যন্ত সব ধরনের যান বাহন চলাচলের জন্য সাময়িক বন্ধ রাখা হবে । বিজ্ঞপ্তীতে এই সড়ক নির্মান চলাকালীন সময়ে বিকল্প সড়ক হিসেবে নিলাম বাজারের দিক থেকে শ্রীভূমির দিকে আসা সব ধরনের যানবাহন চালকদের নিলাম বাজার ফকিরাবাজার সড়ক থেকে ৩৭ নম্বর জাতীয় সড়ক হয়ে চলাচল করতে এবং শ্রীভূমির দিক থেকে যাওয়া যান বাহন চালকদের লঙ্গাই রোড , আজাদ সাগর রোড হয়ে ৩৭ নম্বর জাতীয় সড়ক থেকে পনেরোঘর দিয়ে মহিশাসন হয়ে নিলাম

বাজার পর্য্যন্ত চলাচল করতে পরামর্শ দেওয়া হয়েছে । পুনরাদেশ না দেওয়া পর্য্যন্ত এই প্রক্রিয়া বহাল থাকবে বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলার বৈধ পরিমাপ ও বিজ্ঞান বিভাগ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে ব্যবসায় ব্যবহৃত বাটখারা , কাঠপাল্লা , লিটার এবং পরিমাপের সামগ্রী বারো মাসে একবার নবীকরন করা আইনত বাধ্যতামূলক । এ উপলক্ষ্যে জনসাধারনের সচেতনতার জন্য জানানো হয়েছে যে সামগ্রী ক্রয় করার সময় ওজন , পরিমাপ ও মিটারের প্রতি দৃষ্টি রাখতে হবে যাতে ওজন ও মাপে কম না হয় । সিমেন্ট ব্যাগ হিসেবে ক্রয় না করে , ব্যাগের সঠিক ওজন দেখে ক্রয় করার আহ্বান জানানো হয়েছে । এছাড়া গ্যাস সিলেন্ডার ডেলিভারী নেওয়ার সময় গ্রাহকদেরকে গ্যাস সিলিন্ডারের ওজন দেখে নিতেও আবেদন জানানো হয়েছে । উল্লেখ্য ২৮শে ডিসেম্বর থেকে আগামী তেসোরা জানুয়ারী পর্য্যন্ত ওজন ও পরিমাপ সামগ্রী সপ্তাহ পালন শুরু হয়েছে ।

-----------------------------------------------------------------------------------